দৈনিক খবর

তারিখ 14 AUG 1993
পৃষ্ঠা ৪ কলাম ৩

# শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করতে চাই

— শিক্ষামন্ত্রী

নবাবগঞ্জ (ঢাকা), ১৩ই আগস্ট।— শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেছেন, বর্তমান গণতান্ত্রিক সরকার দেশের সার্বিক উন্নয়নের লক্ষ্যে একটি জীবনমুখী শিক্ষানীতি চালু করেছে। তিনি বলেন, আমরা শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করতে চাই।

মন্ত্রী বৃহস্পতিবার ঢাকা জেলার নবাবগঞ্জে দোহার-নবাবগঞ্জ কলেজের ছাত্র সংসদের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। কলেজের অধ্যক্ষ শফিউদ্দিন খানের সভাপতিত্বে অভিষেক অনুষ্ঠানে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী আবদুল মান্নান, সংসদ সদস্যা বেগম ফরিদা হাসান, সংসদ সদস্য ও ডাকসু ভিপি আমান উল্লাহ আমান, কলেজের প্রতিষ্ঠাতা ও সাবেক প্রতিমন্ত্রী আতা উদ্দিন খান, ছাত্র সংসদের সহ-সভাপতি মোহসিন উদ্দিন পলাশ, সাধারণ সম্পাদক জাহিদুল হক জুয়েল, বিএনপি নেতা ইসলাম খান ও আবেদ খান অনুষ্ঠানে বক্তৃতা করেন। তথ্য বিবরণী।

ব্যারিস্টার সরকার বলেন, বিএনপি সরকার উন্নয়ন ও জনকল্যাণের রাজনীতিতে বিশ্বাসী বলে জনগণ একাধিকবার এই দলের পক্ষে তাদের রায় দিয়েছে। তিনি বলেন, বিএনপি সরকার একে একে সকল নির্বাচনী ওয়াদা পূরণ করবে এবং দেশের আপামর জনগণের পাশে সব সময় থাকবে।

শিক্ষামন্ত্রী বলেন, যাঁরা সমাজে অশান্তি ও বিশৃংখলা সৃষ্টি করে তারা দেশে গণতন্ত্রের চর্চা ও উন্নয়নে বিশ্বাসী নয়। তিনি বলেন, তথাকথিত গণ-আদালত, গণতন্ত্র এবং আইনের শাসনের পরিপন্থী। তিনি বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের নেতৃত্বে বাংলাদেশ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সদস্য পদ লাভ করে বিশ্বের দরবারে প্রমাণ করেছিল যে এদেশ কোন দেশের চাইতে ছোট নয়। তিনি বলেন, বর্তমান সরকার প্রথম শ্রেণী হতে স্নাতক শ্রেণী পর্যন্ত ইংরেজী বাধ্যতামূলক করে দেশে এবং বিদেশে শিক্ষার মর্যাদা বৃদ্ধি করবে।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী আব্দুল মান্নান বলেন, বর্তমান সরকার জাতীয় বাজেটে শিক্ষাখাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। তিনি শিক্ষাঙ্গনে শান্তি ও শৃংখলা প্রতিষ্ঠার জন্য ছাত্র ও শিক্ষকদের প্রতি আহবান জানান।

সংসদ সদস্য আমান উল্লাহ আমান বলেন, কতিপয় বিরোধী দল বর্তমান সরকারের ব্যাপক উন্নয়ন কর্মসূচী নস্যাতের অপচেষ্টা চালাচ্ছে। তিনি বলেন, জনগণ অতীতে তাদের রাজনীতি প্রত্যাখান করেছে এবং তারা জনগণের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে যাবে।

এর আগে শিক্ষামন্ত্রী কলেজের নব নির্মিত ভবনের ফলক উন্মোচন করেন এবং কলেজ প্রাঙ্গণে গাছের চারা রোপণ করেন।